গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়
দক্ষিণাঞ্চল,খুলনা-৯০০০

নথি নং- স্টাফ-এ / এএ / নিয়োগ সরাসরি-২০১৮/ কন,

তারিখ, খুলনাঃ ২২/০৮/ ২০১৯ খ্রিঃ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ১৪.০০.০০০০.০০৬.১১.০৩০.১৮.১৬৬, তারিখঃ ০৯/ ০৯/ ২০১৮ খ্রিঃ মূলে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী পোস্টমাস্টার জেনারেল, দক্ষিণাঞ্চল, খুলনার অধীনস্থ বিভিন্ন অফিসের শূণ্যপদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি কোটায় জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতনস্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০) | ০৪ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) সাঁটলিপিতে ইংরেজি ও বাংলায় গতি মিনিটে ন্যূনতম ৭০ ও ৪৫ এবং Word processing / Data Entry / Typing ইত্যাদির ক্ষেত্রে বাংলা ও ইংরেজিতে সর্বনিম্ন গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে। | <u>১ নং হতে ৮নং ক্রমিকের পদের জন্য</u><br><br>সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা, ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর এবং শরীয়তপুর।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপরে বর্ণিত ২০টি জেলাসহ খুলনা জেলার প্রার্থীগণও আবেদন করতে পারবেন। |
| ২ | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০) | ০৫ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৩ | মেকানিক<br>গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০) | ০১ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) সুপ্রতিষ্ঠিত অটোমোবাইল ওয়ার্কশপে ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা অথবা গ) কোন স্বীকৃত বোর্ড / ইনস্টিটিউট / প্রতিষ্ঠান হতে অটোমোবাইল ট্রেড কোর্সধারী। | |
| ৪ | পোস্টাল অপারেটর<br>গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০) | ১৪৭ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ২য় বিভাগ বা সমমানের সিজিপিএতে উত্তীর্ণ। | |
| ৫ | ড্রাফটসম্যান<br>গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০) | ০১ | ক) কোন স্বীকৃত বোর্ড / ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান হতে ড্রাফটসম্যানশীপ সার্টিফিকেটধারী। | |
| ৬ | ড্রাইভার (হালকা)<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ১২ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) হালকা গাড়ী চালানোর বৈধ লাইসেন্সসহ হালকা গাড়ী চালানোর ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৭ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ১৩ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) Word processing / Data Entry /Typing এর ক্ষেত্রে বাংলা ও ইংরেজিতে সর্বনিম্ন গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকতে হবে। | |
| ৮ | পাম্প অপারেটর<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ০১ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কোন স্বীকৃত বোর্ড / ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল / মেকানিক্যাল ট্রেড কোর্সধারী এবং<br>গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৯ | মেইল অপারেটর<br>গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০) | ৬৯ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, মেহেরপুর, বরিশাল, ভোলা, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ,বগুড়া, পাবনা, সিরাজগঞ্জ, জয়পুরহাট, রংপুর, দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও,গাইবান্ধা, লালমনিরহাট, কুঁড়িগ্রাম এবং নীলফামারী।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপরে বর্ণিত ৩১টি জেলাসহ খুলনা, বাগেরহাট, কুষ্টিয়া, চুয়াডাংগা, ঝালকাঠি ও রাজবাড়ী জেলার প্রার্থীগণও আবেদন করতে পারবেন। |

## নিম্নবর্ণিত শর্তসমূহ আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

১। ৩১/০৭/২০১৯খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে । মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর । তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৩০ বছর । বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না ।

২। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে ।

**৩। একজন প্রার্থী পোস্টাল অপারেটর ও মেইল অপারেটর পদ দুটির যে কোন একটি পদে আবেদন করতে পারবেন।**

৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না ।

৫। প্রার্থীর যোগ্যতা যাচাইঃ

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা আবেদনের যে কোন পর্যায়ে বাতিল করা যাবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

(খ) মৌখিক পরীক্ষার সময় প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং প্রযোজ্য ক্ষেত্রে টেকনিক্যাল শিক্ষা / প্রশিক্ষণের সনদ, ড্রাইভিং লাইসেন্সসহ সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সনদসমূহের ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপি এবং আবেদনকারীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে । ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা সরাসরি বাতিল করা হবে ।

(গ) মৌখিক পরীক্ষার সময় জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ / পৌরসভা / সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এবং জাতীয় পরিচয়পত্র / জন্ম নিবন্ধন সনদের মূল কপি প্রদর্শন ও ফটোকপি দাখিল করতে হবে । বিশেষ কোটার প্রার্থীদেরকে বিশেষ কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে ।

(ঘ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকার বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে অপসারণ বা বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না ।

**(ঙ) বর্ণিত পদসমূহের নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ কোটা পদ্ধতি অনুসরণ করা হবে ।**

৬। বিবিধঃ

(ক) ডাক বিভাগের ওয়েবসাইটে **www.bdpost.gov.bd** অথবা **www.post.khulnadiv.gov.bd** ওয়েব পোর্টালে নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হবে ।

(খ) নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে ।

(গ) এই নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে পরিবর্তন / পরিবর্ধন / বাতিল করার এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ।

৭। অনলাইনে আবেদনপত্র প্রেরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলীঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://pmgsc.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ **০১/০৯/২০১৯ খ্রিঃ, সকাল-১০:০০ টা**

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **৩০/০৯/২০১৯ খ্রিঃ বিকাল- ০৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক (সম্ভব হলে রঙিন) প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিসচার্জ ১২.০০ টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম** SMS: PMGSC<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: PMGSC ABCDEF
Reply: Applicant's Name, Tk- (application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PMGSC<Space>Yes<Space>PIN and send to 16222

**দ্বিতীয়** SMS: PMGSC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: PMGSC YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for PMGSC Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

ঙ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://pmgsc.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print করে (সম্ভব হলে রঙিন) নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে;

ছ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

জ. i. User ID জানা থাকলে PMGSC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: PMGSC Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: PMGSC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: PMGSC Help PIN 12345678 & send to 16222.

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা **vas.query@teletalk.com.bd** অথবা **pmgkln@gmail.com** ই-মেইলে যোগাযোগ করা যাবে।

22/8/19
(মোঃ আব্দুল আলীম)
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল
দক্ষিণাঞ্চল, খুলনা- ৯০০০
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি।